

রামকৃষ্ণ মিশন আশ্রম
রামকৃষ্ণ মিশন আশ্রম রোড
টাকী - ৭৪৩৪২৯, জেলা - উত্তর ২৪ পরগণা
মোবাইল নং : ৭৩৮৪৪২৮২৮৬ / ৯৪৩৪২৪২৫৩০

বিনম্র আবেদন

ভারত ভূখণ্ডের তথা পশ্চিমবঙ্গ রাজ্যের শেষ দক্ষিণ-পূর্ব প্রান্তে অবস্থিত ঐতিহাসিক প্রাচীন নগরী টাকী ও প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশের মাঝে শ্রোতস্বিনী ইছামতি নদীর পশ্চিম উপকূলে টাকী রামকৃষ্ণ মিশন আশ্রমের সূচনা হয় ১৯৩১ সালে কতিপয় অনুরাগী ভক্তবৃন্দের আন্তরিক প্রচেষ্টায়। সুন্দরবনের অত্যন্ত গরীব কৃষিজীবী, ধীবর, হরিজন ও আদিবাসী শ্রেণীর পিছিয়ে পড়া শ্রমজীবী মানুষ যাদের অন্ন সংস্থান করতে গিয়ে জলেস্থলে প্রতি মুহূর্তে হতে হয় মৃত্যুর মুখোমুখি, জন্মলগ্ন থেকেই এই আশ্রম সেই সব নর-নারায়ণের সেবা করে চলেছে নিরন্তর। সেবাকার্যের মধ্য নিয়মিত ভাবে যেমন রয়েছে শিক্ষা, স্বাস্থ্য ও স্বনির্ভর প্রকল্প তেমনি এই আশ্রম দুস্থ মানুষের সেবায় যথাশক্তি নিয়োগ করে বন্যা, অনাবৃষ্টি ও ঝঞ্ঝাবাত্যা প্রভৃতি আপদকালীন ত্রাণে। প্রসঙ্গত সম্প্রতি আয়লা, ফনি, বুলবুল, আমফান ও যশ ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত মানুষের মধ্যে আশ্রম থেকে ব্যাপক হারে খাদ্যবস্তু ও ত্রাণ বিতরণ সহ অনেক গৃহহীনদের গৃহ নির্মাণ করে দেওয়া হয়। এছাড়া অতিমারী করোনার সময়ে কর্মহীন দরিদ্র মানুষের ঘরে ঘরে পৌঁছিয়ে দেওয়া হয় খাদ্যদ্রব্য সহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি। দরিদ্র ও শ্রমজীবী মানুষদের আর্থিক ভাবে স্বনির্ভর করার লক্ষ্যে আশ্রমের পক্ষ থেকে বিনামূল্যে ড্যানরিকশা, সেলাই মেশিন দেওয়া হয়। প্রতি বছর বিভিন্ন সময়ে গরীবদের মধ্যে আপদকালীন ত্রাণ হিসাবে ধুতি, শাড়ী, লুঙ্গি, শার্ট, প্যান্ট ও কম্বলদি বিতরণ করা হয় সাধ্যানুসারে। এই সাথে উল্লেখযোগ্য প্রতি মাসে দুবার সহায় সম্বলহীন কিছু দুস্থ মানুষকে জীবন ধারণ উপযোগী চাল, ডাল ইত্যাদি দেওয়া হয় নিয়মিত ভাবে।

আশ্রম পরিসরে শান্তি-মৈত্রী-সমন্বয় ও মানবপ্রেমের অবতার ভগবান শ্রীরামকৃষ্ণের মনোরম মন্দির রয়েছে যার মূল লক্ষ্য অধ্যাত্মিকতা ও প্রাচীন সংস্কৃতির চর্চার মাধ্যমে ধর্ম, বর্ণ নির্বিশেষে সংসার-তাপদগ্ন মানুষকে শান্তির পথ দেখানো। শিক্ষার প্রচার ও প্রসারের উদ্দেশ্যে শুরু থেকেই আশ্রম দ্বারা পরিচালিত হয়ে আসছে একটি প্রাথমিক বিদ্যালয় ও একটি উচ্চ বিদ্যালয় তৎসহ ছাত্রাবাস। সুন্দরবনের প্রত্যন্ত অঞ্চলে বিশেষতঃ পিছিয়ে পড়া শিশুদের কাছে শিক্ষা পৌঁছিয়ে দেবার লক্ষ্যে বিভিন্ন গ্রামে অবৈতনিক শিশুশিক্ষা কেন্দ্র চলছে 'গদাধর পাঠশালা' ও 'বিবেকানন্দ পাঠশালা' নামে। এই সঙ্গে রয়েছে দুস্থ মেধাবী ছাত্র-ছাত্রীদের ছাত্রবৃত্তি প্রদানের ব্যবস্থা। স্বাস্থ্য পরিষেবার লক্ষ্যে আশ্রম দ্বারা পরিচালিত হয়ে আসছে একটি হোমিওপ্যাথি চিকিৎসা কেন্দ্র। বহু মানুষ দূর দূরান্ত থেকে এখানে প্রতিদিন আসেন চিকিৎসা পাওয়ার নিমিত্ত।

আশ্রমটি সুদীর্ঘ ৯০ বছর মানব সেবার কাজ করে চলেছে। অনুরাগী ও ভক্তবৃন্দের কাছে একান্ত অনুরোধ সামর্থ্য অনুসারে আর্থিক অনুদান দিয়ে আশ্রম পরিচালিত "শিব জ্ঞানে জীব সেবার" কর্মযজ্ঞগুলিকে এগিয়ে নিয়ে যেতে যথাসাধ্য সাহায্য করুন।

মঙ্গলময় শ্রীভগবানের আশীর্বাদ আপনাদের উপর সতত বর্ষিত হোক - এই প্রার্থনা।

শুভেচ্ছান্তে,

শ্রী প্রভুপদাশ্রিত
স্বামী পরিশুদ্ধানন্দ
সম্পাদক

N.B.

1 Any kind of donation will be thankfully accepted. All donations are exempted under Income Tax 80-G.

2. Cheque / MO may be sent in favour of Ramakrishna Mission Ashrama, Taki to the above cited address.

3. In case of Bank transfer: State Bank of India, Taki Branch: A/C- 37520810919, IFSC-SBIN0006867.

4. In case on-line and Bank transfer please intimate us your full postal Address, PAN/AADHAAR and Phone Number through SMS/WATSAPP (Ph- 7384428286, 9434242530) or E-mail: taki@rkmm.org